

কাব্য কণিকা

অযতনে বিধি গড়েছে তাদের দেহ
নয়ন অধর দেয়নি কথায় ভরে
ভোলানি মধুর মন্ত্র জানেনা ওরা
যাতনা প্রকাশ করিবে কেমন করে
তাহারা কোথায়, মানুষ কোথায় আছে
কোনও সুলগনে হবেনা কি কাছাকাছি
সুখ তো হাসিয়া বহিয়া চলিয়া যাবে
তাহারা পড়িয়া রহিবে এমনি ভাবে!

গোপনে নিজেকে চেয়ে দেখ এক উষ্ণ দুপুরে
শুনতে পাবে রিনি ঝিনি অন্তঃসলিলা নুপুরে
ফিরে দেখোনা আয়নায় তব দিঠি
তুমি একদিন লিখবে সে অলেখা চিঠি
ভাল থেক - ভাল থাকা এক সুখ
ইচ্ছের কবরে তার নাম মনের অসুখ
তবু ভাল থেক আর ভাল রেখ
মনের আকাশে গোপনে তাহার নাম লিখ

অনেক পাওয়া কিছু না চেয়ে
কখন যেন গেলাম তোমায় পেয়ে
তোমার কথা ভাল লাগে
অনেক নতুন সুর বাজে
ভাল থেক
ভাল রেখ
অস্ট প্রহর সুখে থেক
হাসিটিকে জাগিয়ে রেখ

প্রে মের পরিণতি হয়নি
সমর্পিত মন নিবেদিত হয়নি
নীল আঁখি প্রেমিকা জেনে ছিল
মানেনি তাই মানিনীকে হারাবার ভয়
কস্ট পুরে থাকা প্রেমিকের হয় ক্ষয়
যেমন টি ঠিক হয়ে থাকে
কাব্যে , গল্পে ও উপন্যাসে
এর আরোগ্য কিসে কেউ জানে কি
হতভাগা প্রেম এক দুরারোগ্য ব্যাধি

